

# মোটাল ফুট পাম্প স্প্রেয়ার



মোটাল ফুট পাম্প স্প্রেয়ার



দি মোটাল প্রোঃ) লিমিটেড

পিবিল টাওয়ার (১০ ও ১৫ তলা), ১৭ উত্তর বা/এ, গুলশান সার্কেল-২, ঢাকা-১২১২  
ফোন: +৮৮-০২-৯৮৯০৯৮১, মোবাইল: ০১৭১৩ ১৬৪২০১



### ভূমিকাঃ

বাংলাদেশ কৃষি নির্ভর দেশ এদেশের কৃষি কাজে আসছে ব্যাপক উন্নতি, যুক্ত হচ্ছে নতুন নতুন প্রযুক্তি। কিন্তু পোকামাকড় ও রোগ জীবাণু ভাল ফসলের জন্য প্রধান বাধা, তাই মেটাল উদ্ভাবন করলো বিশ্বমানের মেটাল ফুট পাম্প স্প্রেয়ার। মেটাল ফুট পাম্প স্প্রেয়ার দিয়ে আপনি অতি সহজে আম গাছ, লিচু গাছ, নারিকেল গাছ, পিয়ারা গাছ, রাবার এস্টেট ও চা বাগান সহ সকল ফসলেই অতি সহজে কিটনাশক স্প্রে করতে পারবেন। উন্নত মানের উপকরণ দ্বারা তৈরি তাই আপনি পাবেন দীর্ঘ দিনের নিশ্চয়তা। উন্নতমানের এই ফুট পাম্প তৈরীতে ব্যবহার করা হয়েছে স্টেইনলেস স্টিল, ফ্লাটবার, এঙ্গেল, পি.ভি.সি পাইপ এবং মজবুত পাম্প সিলিন্ডার।

### ব্যবহার বিধিঃ

- ❑ একটি পরিস্কার বালতিতে পরিমাণ মত পানি ও কিটনাশক মেশান এবং ছাকনি যুক্ত সাক্ষন পাইপটি বালতির নিচ পর্যন্ত ডুবিয়ে রাখুন।
- ❑ প্যাডেলে পা দিয়ে পাম্প দিন, পাম্প দিয়া শুরু করলে সিলিন্ডারের মধ্যে পিস্টনটি নিয়মিত উঠানামা করবে এবং একটি নির্দিষ্ট সময় পর আর পিস্টন উঠানামা করবে না তখন প্যাডেলে পাম্প করা থেকে বিরত থাকতে হবে। এসময় অতিরিক্ত পাম্প দিলে প্যাডেল লিভার ক্ষতি হবার সম্ভবনা থাকে।
- ❑ পাম্প করা হয়ে গেলে স্প্রে করা শুরু করুন, স্প্রে করার সময় খেয়াল রাখবেন যেন স্প্রে নজেল টি পরিস্কার থাকে।
- ❑ স্প্রে করার সময় ডেলিভারি পাইপ যেন মোড়ানো না থাকে সেদিকে খেয়াল রাখতে হবে।
- ❑ প্রতিবার ব্যবহারের পরে সুন্দর করে পরিস্কার পানি দিয়ে ধৌত করে শুকিয়ে সংরক্ষণ করুন।
- ❑ সাক্ষন ও ডেলিভারি পাইপ যত্নের সাথে সংরক্ষণ করুন, ইদুর যেন কোন ভাবেই পাইপ ছিদ্র করতে না পারে।

### টেকনিক্যাল স্পেসিফিকেশনস্

টাইপ	পা দ্বারা চালিত পিস্টন টাইপ ফুট পাম্প স্প্রেয়ার মেশিন	
প্রয়োজনীয় চাপ	৬ বার	
উপকরণ	পাম্প সিলিন্ডার ও পেসার চেম্বার তৈরি স্টেইনলেস স্টিল দ্বারা এবং উন্নত মানের ফ্লাটবার, এঙ্গেল ও পি.ভি.সি পাইপে তৈরী।	
সাক্ষন লাইন	টাইপ	উন্নত মানের পি.ভি.সি. পাইপ
	দৈর্ঘ্য, ফুট	৫
	ছাঁকনি	সাক্ষন লাইনের পাইপ এর সাথে সংযুক্ত
ডেলিভারি লাইন	টাইপ	উন্নত মানের পি.ভি.সি. পাইপ
	দৈর্ঘ্য, ফুট	৫০
	লাইন সংখ্যা	২ টি
স্প্রে ল্যান্স	দৈর্ঘ্য, ফুট	২.৫
ডেলিভারি রেট (এক লাইনের জন্য), লিটার/মিনিট	২	
ওজন, কেজি	১২	